

প্রতিটি ওয়ার্ডে হচ্ছে মিড ট্রান্সফার স্টেশন : আনিসুল হক

বুধবার, ০৯ ডিসেম্বর ২০১৫



রাজধানীর ময়লা অপসারণের জন্য প্রতিটি ওয়ার্ডে মিড ট্রান্সফার স্টেশন হচ্ছে বলে জানিয়েছেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হক। রাজধানীর মোহাম্মদপুরস্থ সূচনা কমিউনিটি সেন্টারে আয়োজিত মত বিনিময় সভায় তিনি এ কথা বলেন। সার্বিক আইনশৃঙ্খলা রক্ষা, ফুটপাথ দখলমুক্ত, মাদক-সন্ত্রাস ও জঙ্গিবাদ নির্মূলে জনগণের ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তোলার লক্ষ্যে সিটি কর্পোরেশনের সহযোগীতায় এ সভার আয়োজন করা হয়। আনিসুল হক বলেন, রাজধানীর বেশিরভাগ মানুষেরই অভিযোগ ময়লা। তবে এ অভিযোগ আর শুনতে হবে না। সেজন্য ব্যবস্থা নেয়া হচ্ছে। সমাধানের পথ বের করা হয়েছে। শিগরিরি এই সমস্যার সমাধান হবে। মেয়র বলেন, ৩, ৪ ও ৬ হাজার ঙ্কার ফুটের জায়গা নিয়ে প্রতি ওয়ার্ডে একাধিক মিড ট্রান্সফার স্টেশন বসানো হবে। এভাবে শুধু মোহাম্মদপুর থানা এলাতেই ৭২টি মিড ট্রান্সফার স্টেশন বসানো হবে। ইতোমধ্যে বেশ কয়েকটি স্থানে মিড ট্রান্সফার স্টেশন বসানো হয়েছে। কে কিভাবে কোথায় ময়লা ফেলবেন সে জন্য প্রচার প্রচারণা চলছে। আমাদের যে স্বপ্ন গ্রীন ঢাকা তৈরি তা বাধাগ্রস্ত হবে যদি ময়লার সমস্যার সমাধান না হয়। সবাই এগিয়ে আসলে এ সমাধান সমাধান খুব দ্রুতই হবে বলে আশা করা যাচ্ছে। মেয়র আরো বলেন, নিজেদের প্রজন্মের কথা ভাবুন, ভাবুন সন্তানদের কথা। সে ভাবনা থেকেই ভাবুন ঢাকাকে

কিভাবে গ্রীন সিটি হিসেবে গড়ে তোলা যায়। সবাই নিজ নিজ বাসা বাড়িতে বাগান তৈরি করুন। মেয়র বলেন, পুরো ঢাকাকে আমরা ছোট ছোট ইকো-পার্কে ভরিয়ে দিতে চাই। পরিকল্পনা মাফিক কাজ চলছে। জননেত্রী যেভাবে পরিবেশ রক্ষায় হাত দিয়েছেন তাতে গ্রীন সিটির স্বপ্ন বাস্তবায়ন হবেই। মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন, স্থানীয় সংসদ সদস্য আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক জাহাঙ্গীর কবির নানক, আওয়ামী লীগের আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক লে. কর্ণেল (অব:) মো. ফারুক খান, ডিএমপির তেজগাঁও বিভাগের এডিসি ওয়াহেদুল ইসলাম, এডিসি (ট্রাফিক) সাইফুল হক, শেরে বাংলা নগর, আদাবর ও মোহাম্মদপুর থানার ওসি, স্থানীয় কাউন্সিল ও নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। জেইউ/এএইচ/পিআর